# দুদকের অভিযোগের পর ১০ শতাংশ চাইলেন আসিফ মাহমুদ



আসিফ মাহমুদ। ছবি: সংগৃহীত

দুদকের পক্ষ থেকে বিদেশে ১১ হাজার কোটি টাকা পাচারের নতুন অভিযোগের কথা জানানোর পর সামাজিক যোগাযোগমাধ্যমে প্রতিক্রিয়া জানিয়েছেন সাবেক অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া।

রোববার (১৩ সেপ্টেম্বর) নিজের ফেসবুক আইডিতে এক পোস্টে তিনি লেখেন, 'অনুসন্ধানে বিদেশে কিছু পেলে আমাকে শুধু ১০ শতাংশ দিয়েন, চলতে কষ্ট হচ্ছে।'

এর আগে একই দিন দুদকের প্রধান কার্যালয়ে সংবাদ সম্মেলনে আসিফ মাহমুদের বিরুদ্ধে বিদেশে অর্থপাচার, বিভিন্ন নিয়োগ ও টেন্ডার বাণিজ্যসহ নতুন অভিযোগ পাওয়ার কথা জানানো হয়। দুদকের জনসংযোগ বিভাগের সহকারী পরিচালক তানজির আহমেদ বলেন, বিদেশে ১১ হাজার কোটি টাকা পাচারের অভিযোগটি আসিফের বিরুদ্ধে চলমান অনুসন্ধানের সঙ্গে যুক্ত করে তদন্ত করা হবে।

দুদকের নথিতে ঢাকা উত্তর সিটি করপোরেশন, ঢাকা ওয়াসা, এলজিইডি ও গাজীপুর সিটি করপোরেশনে কর্মকর্তা নিয়োগে ১৮৭ কোটি টাকা লেনদেনের অভিযোগের কথাও উল্লেখ রয়েছে। পাশাপাশি ৩৬ জন জেলা প্রশাসক (ডিসি) পদায়নে বড় অঙ্কের অর্থ নেওয়ার অভিযোগ রয়েছে। দুদকের এ তথ্য প্রকাশের কিছুক্ষণ পরই সামাজিক যোগাযোগমাধ্যমে প্রতিক্রিয়া জানান এনসিপির এই নেতা।

LENS ASIA